

৩০ আগস্ট ২০১৭

প্রেস বিজ্ঞপ্তি

চলন্ত বাসে দলবদ্ধ ধর্ষণের পর নৃসংশভাবে খুনের ঘটনায় ব্লাস্ট ও নারীপক্ষের তীব্র নিন্দা

গত ২৫ আগস্ট ২০১৭ তারিখ শিক্ষক হবার স্বপ্ন নিয়ে শিক্ষক নিবন্ধন পরীক্ষায় অংশগ্রহণ করে ময়মনসিংহে যাওয়ার পথে চলন্ত বাসে দলবদ্ধ ধর্ষণের পর একজন নারীর নৃসংশভাবে খুনের ঘটনায় বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) ও নারীপক্ষ গভীর উদ্বেগ ও উৎকণ্ঠা প্রকাশ করছে।

বিভিন্ন সংবাদপত্র ও গণমাধ্যমে “চলন্ত বাসে গণধর্ষণের পর পৈশাচিক কায়দায় খুন” শিরোনামে সংবাদ প্রকাশিত হয়। সংবাদপত্রে প্রকাশিত তথ্য অনুযায়ী, গত ২৫ শে আগস্ট ২০১৭ শিক্ষক নিবন্ধন পরীক্ষায় অংশ নেয়ার পর ময়মনসিংহে যাওয়ার পথে ‘ছোঁয়া’ নামক বাসে জনৈক নারী কয়েকজন দুর্বৃত্ত কর্তৃক দলবদ্ধ ধর্ষণের শিকার হন। পরে তাকে ঘাড় মটকিয়ে হত্যা করে ছুড়ে ফেলা হয়। আমরা এ ঘটনার তীব্র নিন্দা জানাচ্ছি এবং ঘটনার সুষ্ঠু তদন্ত সাপেক্ষে অভিযুক্তদের যথাযথ বিচার দাবী করছি যদিও ইতিমধ্যে অভিযুক্ত বাসের হেলপার ও চালককে গ্রেফতার করা হয়েছে।

ধর্ষণ, যৌন নির্যাতন, এবং চলাফেরায় বাধাপ্রদান, বৈষম্য করা, নারীর মর্যাদা ও সম্মানহানি করা এবং বেঁচে থাকার অধিকার ক্ষুণ্ণ করা সাংবিধানিক অধিকারের লংঘন এবং দেশের প্রচলিত আইন অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ। রাষ্ট্রের দায়িত্ব সকল নাগরিকদের নিরাপত্তা নিশ্চিত করা। এ ধরনের ঘটনা বন্ধে ব্লাস্ট ও নারীপক্ষ সরকার ও সংশ্লিষ্ট প্রশাসনকে দ্রুততার সাথে কার্যকর উদ্যোগ গ্রহণের জন্য জোর দাবী জানাচ্ছে।

বার্তা প্রেরক: মাহবুবা

আজ্ঞার

উপ-পরিচালক (এডভোকেসী এন্ড কমিউনিকেশন), ব্লাস্ট

ই-মেইল: mahbuba@blast.org.bd